

সময়: ৩ ঘণ্টা

পূর্ণ মান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে

১. যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও

১০x ২ = ২০

- ক. প্রহসন আর ফার্সকে সমার্থক বলা যায় কি না সংক্ষেপে বুঝিয়ে দাও।
- খ. সাহিত্যে রোমান্টিসিজমের সূচনা-নির্দেশক ঘটনাটি লেখো।
- গ. কমেডি শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ বুঝিয়ে দাও।
- ঘ. আরিস্টটল ক্যাথারসিস পরিভাষাটি কোন প্রসঙ্গে প্রয়োগ করেছিলেন? এর শব্দার্থ লেখো।
- ঙ. 'লিরিক' শব্দটির উৎস বুঝিয়ে দাও?
- চ. প্রাচীনতম এপিক হিসেবে কোন সময়কার কোন রচনাটি স্বীকৃত?
- ছ. রিয়ালিজমের সূত্রপাত হয় কোন সময়, কোন দেশে?
- জ. ক্লাসিসিজমের সময়পর্বটি উল্লেখ করো। ক্লাসিসিজমের বৈশিষ্ট্য আছে এমন দুটি কাব্যের নাম লেখো।
- ঝ. 'স্যুররিয়ালিস্ট ম্যানিফেস্টো' বইটি কার লেখা? কবে প্রকাশিত?
- ঞ. 'উপন্যাস' -এই নামকরণটির ব্যুৎপত্তিগত অর্থ কী?
- ট. 'উন-উপন্যাস' বলতে বাংলা সাহিত্যের কোন রচনাগুলিকে বোঝানো যেতে পারে?
- ঠ. কোন পত্রিকায় রবীন্দ্রনাথের ছোটগল্প প্রথম প্রকাশিত হয়েছিল? কটি গল্প প্রকাশিত হয় সেই পত্রিকায়?
- ড. 'ছোট গল্প: নূতন রীতি' কে সম্পাদনা করেন? এই সম্পাদকের লেখা দুটি গল্পের নাম লেখো।
- ঢ. ছোটগল্পের ক্ষেত্রে 'একতম প্রতীতি' বলতে কী বোঝায়?
- ণ. 'পারিবারিক প্রবন্ধ' কার লেখা? তাঁর অন্য আর-একটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

২. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও

৪x৫ = ২০

ক. ‘অথেন্টিক এপিক’ ও ‘লিটারারি এপিক’ বলতে কী বোঝায় ? উদাহরণসহ আলোচনা করো।

খ. রোমান্টিসিজমের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে দাও।

গ. ট্র্যাজেডি ও কমেডি়র একটি সংক্ষিপ্ত তুলনামূলক আলোচনা করো।

ঘ. ছোটগল্পের সূচনা ও সমাপ্তির বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

ঙ. গীতিকবিতার বৈশিষ্ট্যগুলি সম্পর্কে আলোচনা করো।

চ. আত্মনিষ্ঠ প্রবন্ধের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

৩. নিচের প্রশ্নগুলির উত্তর দাও।

২x ১০ = ২০

ক. স্যুররিয়ালিজম ভাবনার উৎস নির্দেশ করো। বাংলা কবিতার দৃষ্টান্ত দিয়ে স্যুররিয়ালিজম-এর বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও।

অথবা

সিম্বলিজম-এর উৎপত্তির ইতিহাস ও বৈশিষ্ট্যগুলি উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

খ. বাংলা নাটকের বিভিন্ন ধারার সূচনাকার হিসেবে মাইকেল মধুসূদন দত্তের অবদান আলোচনা করো।

অথবা

বাংলা উপন্যাসের বিকাশের ধারায় বিশ শতকের সূচনায় কী পরিবর্তন সূচিত হল নিদর্শনসহ বুঝিয়ে দাও।